**ড. মোহাম্মদ আবদুল মাজেদ, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**

ড. মোহাম্মদ আবদুল মাজেদ বর্তমানে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা, এর ঠিকানায় অবস্থিত বাংলাদেশ বিজ্ঞান একাডেমী এর পরিচালক হিসাবে কর্মরত। পেশাগত হিসাবে তিনি একজন শিক্ষক ও প্রকৌশলী। তিনি বাংলাদেশ প্রকৌশল ও কারিগরী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক, যুক্তরাজ্যের রেডিং বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ও যুক্তরাষ্ট্রের ওকলাহোমা স্টেট বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ ডি ডিগ্রী অর্জন করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এ অধ্যাপনা শুরু ও পরবর্তীতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে সদস্য পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট জয়দেবপুর, গাজীপুর এ মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, পরিচালক (প্রশাসন) ও মহাপরিচালক হিসাবে চাকুরী শেষে অবসর গ্রহণ করেন।

তিনি কর্মজীবনে ইসলামিক ইনস্টিউট অব টেকনোলজি, গাজীপুর এ প্রশিক্ষক ও আমেরিকার ওকলাহোমা স্টেট ইউনিভার্সিটিতে গবেষনা কর্মকর্তা, হিসাবে কর্মরত ছিলেন। তিনি সাউথইস্ট ইউনিভার্সিটির রেজিষ্টার ও ট্রেজারার হিসাবে চাকুরী করেন। তিনি দেশে ও বিদেশে বহু পেশাগত সমিতির সদস্য। ছাত্র ও কর্মজীবনে তিনি সরকারী বৃত্তি, কমনওয়েলথ স্কলারশীপ ও ওয়ার্ল্ডব্যাংক স্কলারশীপ সহ দেশে ও বিদেশে পড়াশুনা করেন। পেশাগত জীবনে শিক্ষা, গবেষণা, প্রশাসন ও উন্নয়ন কর্মকান্ডে তার প্রায় চল্লিশ বছরের অভিজ্ঞতা আছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট গাজীপুর ও সারাদেশের আঞ্চলিক কেন্দ্র ও অন্যান্য কেন্দ্রগুলিতে উন্নয়নমূলক কাজে বিশেষ অবদান রাখেন।

তিনি বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট (বর্তমানে শেরেবাংলা শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়), পটুয়াখালী কৃষি কলেজ (বর্তমানে পটুয়াখালি প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) ও দিনাজপুর হাজী দানেশ কৃষি কলেজ (বর্তমানে হাজী দানেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) এর প্রকল্প পরিচালক হিসাবে কর্মরত ছিলেন। দেশে বিদেশে গবেষণা জার্নালে তাঁর গবেষণা প্রবন্ধ ও পুস্তক প্রকাশিত হয়েছে। বিদেশী প্রতিষ্ঠানে তিনি পরামর্শক হিসাবে কাজ করেছেন। তিনি কর্মজীবনে ভারত, যুক্তরাজ্য, আমেরিকা, চীন, থাইল্যান্ড, নেপাল, শ্রীলঙ্কা, অস্ট্রেলিয়া, সিনেগাল, মালয়ি ভ্রমণ করেন। তিনি এখনও নিজ এলাকা রাজবাড়ী ও ঢাকাতে নানাবিধ সামাজিক ও ধর্মীয় কর্মে নিজেকে নিয়োজিত রেখেছেন। তিনি পবিত্র হজ্বব্রত ও ওমরাহ পালন করেছেন।